দৈনিক সংবাদ
তারিখ ... JUN. 1.8 1999
পৃষ্ঠা ১ কলাম ১

# এসএসসির ফল প্রকাশ

## ❑ পাসের হার ঃ ঢাকা ৫৩, যশোর ৫৮.২৫, রাজশাহী ৪৯.৪৩, কুমিল্লা ৫৬.৩৮ ও চট্টগ্রামে ৫৯.৮৬ ভাগ

**নিজস্ব বার্তা পরিবেশক** ।। গতকাল বৃহস্পতিবার দেশের ৫টি শিক্ষা বোর্ডের ১৯৯৯ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে।

এ বছর ৫টি শিক্ষা বোর্ডে ৮ লাখ ৪৪ হাজার ৬শ' ৩৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৮ লাখ ৩৭ হাজার ২শ' ২০ জন গত মার্চ মাসে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। পাস করে ৪ লাখ ৫৭ হাজার ২শ' ৫২ জন পরীক্ষার্থী। ৫টি শিক্ষা বোর্ডে পরীক্ষার্থীদের গড় পাসের হার শতকরা ৫৪ দশমিক ৬২ । বোর্ডগুলোর মধ্যে সর্বোচ্চ পাসের হার চট্টগ্রামে এবং সর্বনিম্ন রাজশাহীতে। (মেধাতালিকা পৃষ্ঠা ২ ও ১১)

পৃথকভাবে পাসের হার হচ্ছে ঃ ঢাকায় ৫৩, যশোরে ৫৮ দশমিক ৭৫, রাজশাহীতে ৪৯ দশমিক ৪৩, কুমিল্লায় ৫৬ দশমিক ৩৮, চট্টগ্রামে ৫৯ দশমিক ৮৬ শতাংশ। ৫ বোর্ডের মধ্যে সম্মিলিতভাবে সর্বোচ্চ নম্বর পেয়ে প্রথম হয়েছে মির্জাপুর ক্যাডেট কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র এএফএম নূরুজ্জামান। ৯টি বিষয়ে লেটার মার্কসসহ তার প্রাপ্ত নম্বর ৯৫৮। দ্বিতীয়ও হয়েছে একই ক্যাডেট কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র। তার নাম আহসানুল করিম। ৯ বিষয়ে লেটার মার্কসসহ তার প্রাপ্ত নম্বর ৯৫৩। মেয়েদের সম্মিলিত মেধা তালিকায় প্রথম হয়েছে আইডিয়াল স্কুল ও কলেজের ছাত্রী বর্ণালী দে। ৯ বিষয়ে লেটার মার্কসসহ তার প্রাপ্ত নম্বর ৯৪০।

যশোর শিক্ষা বোর্ডে সম্মিলিতভাবে প্রথম হয়েছে দাউদ পাবলিক স্কুলের বিজ্ঞানের ছাত্র শুভেন্দু বিশ্বাস। ৮টি বিষয়ে লেটার মার্কসসহ তার প্রাপ্ত নম্বর ৯২৮। চট্টগ্রাম শিক্ষা বোর্ডে ৯২৬ নম্বর পেয়ে প্রথম হয়েছে ডঃ খাস্তগীর গভঃ গার্লস হাইস্কুলের ছাত্রী শারমিন কামরুন। সে বিজ্ঞান বিভাগের ছাত্রী। কুমিল্লা শিক্ষা বোর্ডে প্রথম হয়েছে সিলেট ক্যাডেট কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্র মোহাম্মদ তানভীর রহমান। তার প্রাপ্ত নম্বর ৯৩১। রাজশাহী শিক্ষা বোর্ডে প্রথম হয়েছে পাবনা ক্যাডেট কলেজের গোলাম মোস্তফা ভূঁইয়া। সে বিজ্ঞান বিভাগের ছাত্র। তার প্রাপ্ত নম্বর ৯৪৫।

গতকাল বিকেল ৪টায় দেশের সকল স্কুলে একযোগে এসএসসির ফলাফল প্রকাশ করা হয়। এর আগে জেলা প্রশাসকের অফিসের মাধ্যমে সকল স্কুলে ফলাফল পাঠানো হয়। দুপুর দুটা থেকেই স্কুলে ভিড় জমতে থাকে পরীক্ষার্থী এবং তাদের উদ্বিগ্ন অভিভাবকদের। পরীক্ষার ফলাফল পাওয়ার পর কারো চোখে ছিল আনন্দের ঝিলিক আর কারো কারো চোখে দেখা গেছে অশ্রু। চলতি বছরের এসএসসির ফলাফলের মেধা তালিকায় ক্যাডেট কলেজগুলোর প্রাধান্য লক্ষ্য করা গেছে। গত বছর (১৯৯৮) এসএসসি পরীক্ষায় ক্যাডেট কলেজগুলোর ফলাফল আশানুরূপ ছিল না। ফলাফল প্রকাশের পর মিষ্টির দোকানগুলোতে ক্রেতাদের ভিড় ছিল উপচেপড়া।

**ঢাকা বোর্ড ঃ** ঢাকা শিক্ষা বোর্ডে মোট পরীক্ষার্থী ছিল ২ লাখ ৩৫ হাজার ৬শ' ২৯ জন। এর মধ্যে পরীক্ষায় অংশ নিয়েছে ২ লাখ ৩৪ হাজার ৫শ' ৬৫ জন। এর মধ্যে ছাত্রীসংখ্যা ১ লাখ ৩৯ হাজার ৭৩। মোট পাস করেছে ১ লাখ ২৪ হাজার ৮শ' ৮৫ জন। অংশগ্রহণকারীদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ৫৯ হাজার ৫ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে ৫৬ হাজার ৬শ' ৫৫ জন, ৩য় বিভাগ পেয়েছে ১ হাজার ৬৭ জন। বিশেষ বিবেচনায় পাস করেছে ৮ হাজার ১শ' ৫৮ জন। **এসএসসি ঃ পৃঃ ১২ কঃ ২**

## এসএসসি ঃ ফল প্রকাশ

( ১ম পৃষ্ঠার পর )

পাসের হার ৫৩ শতাংশ। ঢাকা বোর্ডের পরীক্ষা দেয়া ছাত্রছাত্রীদের মধ্যে ১৯৯৭ সালের সিলেবাসে পরীক্ষা দিয়েছিল ২০ হাজার ৭শ' ৮১ জন। পাস করেছে ১৩ হাজার ৬শ' ৯৮ জন। ঢাকা বোর্ডে বিজ্ঞান বিভাগে পাসের হার ৬২ দশমিক ৭০ শতাংশ, মানবিক বিভাগের পাসের হার ৪২ দশমিক ২৪ শতাংশ এবং বাণিজ্য বিভাগে পাসের হার ৫৭ দশমিক ৭ শতাংশ। ১৯৯৭ সালের সিলেবাস অনুসারে পাসের হার বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে যথাক্রমে ৭১ দশমিক ৯৬, ৬৩ দশমিক ৪২ এবং ৬৬ দশমিক ৫৪ শতাংশ।

যশোর বোর্ড ঃ যশোর বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ৫২ হাজার ৩শ' ৬৪। পাস করেছে ৮৯ হাজার ৫শ' ১১ জন। এদের মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে ৩৫ হাজার ৫শ' ২৪ জন, দ্বিতীয় বিভাগে ৪৬ হাজার ২৬ জন, তৃতীয় বিভাগ ১ হাজার ৪শ' ২ জন এবং বিশেষ বিবেচনায় ৬ হাজার ৫শ' ৬৪ জন। পাসের হার ৫৮ দশমিক ৭৫ শতাংশ। যশোর বোর্ডে বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে দাউদ পাবলিক স্কুলের শুভেন্দু বিশ্বাস। ৮টি বিষয়ে লেটার মার্কসসহ তার প্রাপ্ত নম্বর ৯২৮। সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র সায়মন আমিন চৌধুরী। ৬টি বিষয়ে লেটার মার্কসসহ তার প্রাপ্ত নম্বর ৮৭১। বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে পাঁচবাড়িয়া-পাঁচকাঠিয়া সেকেন্ডারি স্কুলের বিবেকানন্দ বিশ্বাস। তার প্রাপ্ত নম্বর ৮৫৯। এ শিক্ষা বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে পাসের হার যথাক্রমে ৭৪ দশমিক ২৮, ৫৩ দশমিক ৮২, ৬০ দশমিক ৭ শতাংশ।

**চট্টগ্রাম বোর্ড ঃ** চট্টগ্রাম বোর্ডে চলতি বছরের এসএসসি পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ৬৮ হাজার ৯শ' ৬ জন। এর মধ্যে পরীক্ষায় অংশ নেয় ৬৮ হাজার ৪শ' ৯৩ জন। পাস করে ৫১ হাজার ২শ' ৪৬ জন। পাসের হার ৫৯ দশমিক ৮৬। মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্রীর সংখ্যা ৩১ হাজার ৩শ' ৫ জন। চট্টগ্রাম শিক্ষা বোর্ডে এসএসসি পরীক্ষার এ ফলাফলে প্রথম বিভাগে পাস করেছে ১৫ হাজার ৭২ জন, দ্বিতীয় বিভাগে ২৩ হাজার ৬শ' ৭১ জন, তৃতীয় বিভাগে ১ হাজার ১৫ ও বিশেষ বিবেচনায় পাস করেছে ১ হাজার ৪শ' ৮৮ জন। বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে পাসের হার যথাক্রমে ৭১ দশমিক ৪২, ৫২ দশমিক ২৮ ও ৫৭ দশমিক ৪৮ শতাংশ। বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে ডঃ খাস্তগীর গভঃ গার্লস হাইস্কুলের সারমিন কামরুন। তার প্রাপ্ত নম্বর ৯২৬। বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে বাকলিয়া গভঃ হাইস্কুলের ইমদাদুল ইসলাম। তার প্রাপ্ত নম্বর ৮৪০। মানবিক বিভাগে প্রথম হয়েছে সাদিয়া তাসনুভা মরিয়াম। তার প্রাপ্ত নম্বর ৮২৫। সে ইস্পাহানী পাবলিক স্কুল ও কলেজের ছাত্রী।

কুমিল্লা বোর্ড ঃ কুমিল্লা শিক্ষা বোর্ডে এ বছর মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৪২ হাজার ৯শ' ৯১ জন। এর মধ্যে পরীক্ষায় অংশ নেয় ১ লাখ ৩৮ হাজার ৪শ' ৯১ জন। মোট পাস করেছে ৮০ হাজার ৬শ' ২২ জন। প্রথম বিভাগে উত্তীর্ণ হয় ৩৮ হাজার ৮১ জন, ২য় বিভাগে ৩৩ হাজার ৯শ' ৭৪ জন, তৃতীয় বিভাগে ৬শ' ৯৫ জন এবং বিশেষ বিবেচনায় পাস করে ৭ হাজার ৮শ' ৭২ জন। পাসের হার ৫৬ দশমিক ৩৮ শতাংশ। কুমিল্লা শিক্ষা বোর্ডে বিজ্ঞান বিভাগে প্রথম হয় কুমিল্লা ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ তানভীর রহমান। তার প্রাপ্ত নম্বর ৯৩১। একই কলেজের ছাত্র নাজমুল হক শিমুল মানবিক বিভাগে প্রথম হয়েছে। তার প্রাপ্ত নম্বর ৮৭৭। বাণিজ্য বিভাগে ফয়জুন্নেসা গভঃ গার্লস স্কুলের তামান্না সুলতানা ৮৭১ নম্বর পেয়ে প্রথম হয়েছে। কুমিল্লা বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে পাসের হার যথাক্রমে ৬৫ দশমিক ৪১, ৪৬ দশমিক ২০ ও ৫৯ দশমিক ০৬ শতাংশ।

রাজশাহী বোর্ড ঃ রাজশাহী শিক্ষা বোর্ডে এবার মোট এসএসসি পরীক্ষার্থী ছিল ২ লাখ ৪৪ হাজার ৭শ' ৪৪ জন। এর মধ্যে পরীক্ষায় অংশ নিয়েছে ২ লাখ ৪৩ হাজার ৩শ' ৭ জন। মোট পাস করেছে ১ লাখ ২০ হাজার ৯শ' ৮৩ জন। এদের মধ্যে প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে ৪৮ হাজার ৫শ' ৮১ জন, দ্বিতীয় বিভাগে ৬৪ হাজার ৪শ' ৮৮ জন, তৃতীয় বিভাগে ১ হাজার ৭শ' ৩৪ জন এবং বিশেষ বিবেচনায় পাস করেছে ৬ হাজার ১শ' ৮০ জন।

রাজশাহী শিক্ষা বোর্ডে বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে পাবনা ক্যাডেট কলেজের ক্যাডেট গোলাম মোস্তফা ভূঁইয়া। তার প্রাপ্ত নম্বর ৯৪৫। একই কলেজের ক্যাডেট মশিউল আলম ৮৭৮ নম্বর পেয়ে মানবিক বিভাগে প্রথম হয়েছে। বাণিজ্য বিভাগে প্রথম হয়েছে ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ বগুড়ার ছাত্র নুরুদ্দিন মিলন। তার প্রাপ্ত নম্বর ৮৪৭। এ বোর্ডে বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য বিভাগে পাসের হার যথাক্রমে ৬৪ দশমিক ৩১ শতাংশ, ৪২ দশমিক ১৩ শতাংশ ও ৫৫ দশমিক ১৪ শতাংশ। এ বছর পরীক্ষায় অংশ নেয়া ছাত্রীর সংখ্যা ৯৯ হাজার ১৩ জন।